

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৯৬) একক ব্যক্তির জন্য আযান ও ইকামতের বিধান কি?

একক ব্যক্তির জন্য আযান ও ইকামত সুন্নাত। ওয়াজিব নয়। কেননা তার আশে-পাশে এমন লোক নেই যাদেরকে আযান দিয়ে ডাকা দরকার। যেহেতু আযানের মধ্যে রয়েছে আল্লাহ্র যিকর ও তাঁর সম্মানের কথা উল্লেখ আছে এবং নিজেকে ছালাত ও মুক্তির দিকে আহ্বান করা হয়েছে, অনুরূপভাবে ইকামতেও তাই আযান ও ইকামত উভয়টি সুন্নাত। আযান মুস্তাহাব বা সুন্নাত হওয়ার দীলল হচ্ছে, উকবা বিন আমের (রাঃ) হতে বর্ণিত হাদীছ। তিনি বলেন, আমি শুনেছি রাস্লুল্লাহ্ (ছাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

يَعْجَبُ رَبُّكَ مِنْ رَاعِي غَنَمٍ فِي رَأْسِ شَظِيَّةِ الْجَبَلِ يُؤَذِّنُ بِالصَّلَاةِ وَيُصَلِّي فَيَقُولُ اللَّهُ عَنَّ وَجَلَّ انْظُرُوا إِلَى عَبْدِي هَذَا يُؤَذِّنُ وَيُقِيمُ الصَّلَاةَ يَخَافُ مِنِّى قَدْ غَفَرْتُ لِعَبْدي وَأَدْخَلْتُهُ الْجَنَّةَ

"তোমার পালনকর্তা আশ্চার্যাম্বিত হন এমন ছাগলের রাখালের কাজে। পাহাড়ের চুঁড়া থেকে ছালাতের জন্য আযান দেয়। আল্লাহ্ বলেন, আমার এই বান্দাকে দেখ! ছালাতের জন্য সে আযান ও ইকামত দিচ্ছে। সে আমাকে ভয় করছে। আমি আমার বান্দাকে ক্ষমা করে দিলাম ও জান্নাতে প্রবেশ করালাম।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=726

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন